সিনেমায় গান গাইবেন নোবেল

সারেগামাপাখ্যাত বাংলাদেশি সংগীতশিল্পী মাঈনুল ইসলাম নোবেল বাংলাদেশের ছবিতে গান গাইবেন। শান ছবির টাইটেল গানে কণ্ঠ দেবেন তিনি। গত বৃহস্পতিবার বিকেলে বিষয়টি নিশ্চিত করেছেন নোবেল। এবারই প্রথম বাংলাদেশের ছবিতে গাইবেন নোবেল। তিনি বলেন, ‘প্রথমে ছবির পরিচালকের সঙ্গে কথা হয়। ছবির টাইটেল গান এটি। তা ছাড়া ছবির অভিনয়শিল্পীরাও আমার পছন্দের। দেশের ছবিতে এটি আমার প্রথম গান হবে। চেয়েছিলাম শুরুটা ভালো কিছু দিয়ে হোক। সবকিছু মিলে গেল, তাই রাজি হয়ে গেলাম।’

গানটি লিখেছেন রাহুল, সুর ও সংগীত করছেন স্টিভি। ছবির পরিচালক এম রাহিম বলেন, ‘ছবিতে ছয়টি গান থাকছে। টাইটেল গানটি নোবেল করছেন। এটি একটি রক ঘরানার গান। তাঁর কণ্ঠে ভালো মানাবে।’

কুইক মাল্টিমিডিয়া প্রযোজিত শান ছবির শুটিং প্রায় ৩০ ভাগ শেষ হয়েছে। ছবিতে অভিনয় করছেন সিয়াম, পূজা চেরি, তাসকিন রহমান প্রমুখ।